

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শেরপুর সরকারি কলেজ, শেরপুর।


তারিখ : ০৯/০২/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা শেরপুর সরকারি কলেজের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, উপবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে আগামী ২২/০২/২০২৬ খ্রি. এর মধ্যে কলেজ অফিসে জমা দিতে হবে (আবেদন ফরম প্রাপ্তির স্থান- কলেজ গেইটের যে কোন ফটোকপির দোকান)। উল্লেখ্য পঙ্গু, প্রতিবন্ধী এবং এতিম শিক্ষার্থী, রিক্সা/ ভ্যান/ ঠেলাগাড়ি চালকের সন্তান, দিনমজুরের সন্তান, মহিলা গৃহকর্মীর সন্তান, নদী ভাঙ্গন কবলিত/ বাস্তুহারা পরিবারের সন্তান, দুঃস্থ পরিবারের সন্তান, উপার্জনে অসমর্থ/ বিকলাঙ্গ (যেমন- পঙ্গু, অন্ধ, বোবা প্রভৃতি) পিতামাতার সন্তান এবং হিজড়া শিক্ষার্থীকে উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। উক্ত আবেদনপত্রের সাথে নিম্নে উল্লেখিত কাগজপত্রসহ কলেজ অফিসে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

আবেদনের সাথে সংশ্লিষ্ট কাগজপত্র :

- ০১। শিক্ষার্থীর জন্ম নিবন্ধন এর ফটোকপি ফরমের সাথে অবশ্যই জমা দিতে হবে। (জন্ম নিবন্ধন নাম্বার যেন স্পষ্ট বুঝা যায় এবং অবশ্যই অনলাইন কপি হতে হবে।)
- ০২। পিতার এবং মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ফরমের সাথে অবশ্যই জমা দিতে হবে।
- ০৩। শেরপুর সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির ফরম (শিক্ষার্থী কপি) এর ফটোকপি দিতে হবে অবশ্যই।
- ০৪। শিক্ষার্থীর এস.এস.সি পরীক্ষার মূল মার্কশীটের ফটোকপি ফরমের সাথে অবশ্যই জমা দিতে হবে।
- ০৫। অভিভাবকের তথ্য কলামে যে ফোন নাম্বার দেয়া হবে সেটি অবশ্যই খোলা থাকতে হবে।
- ০৬। মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর অবশ্যই নগদ একাউন্ট হতে হবে।
- ০৭। মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে, সেই অভিভাবকের এনআইডি দিয়ে সিম রেজিস্ট্রেশন থাকতে হবে এবং একই এনআইডি দিয়ে নগদ একাউন্ট (KYC পূরণকৃত) থাকতে হবে অবশ্যই।
- ০৮। পিতা ও মাতা জীবিত না থাকলে অন্যান্য অভিভাবক হিসাবে আপন ভাই/ বোন / দাদা / দাদী / নানা / নানী কে নির্বাচন করতে হবে।
- ০৯। পাসপোর্ট সাইজের ছবি ০১ কপি


অধ্যক্ষ

শেরপুর সরকারি কলেজ
শেরপুর

ফোন- ০২৯৯৮৮১৩৩৬৫
প্রফেসর মোঃ আবদুর রউফ
আইডি নং-০০০০৭৬৯৮
অধ্যক্ষ
শেরপুর সরকারি কলেজ, শেরপুর।